দৈনিক বাংলা

তারিখ 0 1 MAY 1995
পৃষ্ঠা ৭ কলাম ৩

যশোর বোর্ড

# তদন্ত ছাড়াই ১২৪টি স্কুল অনুমোদন

**যশোর ব্যুরো ঃ** নিয়ম না মেনে অনুমোদন দেয়া যশোর শিক্ষা বোর্ডের ১শ' ২৪টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন বৈধ করার উদ্যোগ নেয়া হচ্ছে।

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## যশোর বোর্ড

(প্রথম পৃষ্ঠার পর)

এজন্য বিদ্যালয় মঞ্জুরি কমিটি ও শিক্ষা বোর্ড কমিটির সভা ডাকা হয়েছে যথাক্রমে ৩ ও ৪ মে। দায়িত্বশীল সূত্র এ খবর জানায়।

প্রয়োজনীয় তদন্ত ছাড়াই শিক্ষা বোর্ড এই ১শ' ২৪টি মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দেয়। বিদ্যালয় মঞ্জুরি কমিটি এবং বোর্ড কমিটির কোন অনুমোদন সে সময় নেয়া হয়নি। পরে তড়িঘড়ি করে অনুমোদন দেয়ার প্রকৃত রহস্য জানা যায়। প্রকাশ হয়ে পড়ে ওইসব বিদ্যালয় থেকে এবার এসএসসি পরীক্ষায় বিপুল সংখ্যক পরীক্ষার্থীকে পরীক্ষার সুযোগ দেয়া হয়েছে। যাদের অধিকাংশের রেজিস্ট্রেশন ভুয়া। কিছু পরীক্ষার্থীর পরীক্ষার আবেদন এজন্য বাতিলও করা হয়। আরও প্রমাণ মেলে যে, বিদ্যালয়ের অষ্টম, নবম শ্রেণীতে যত ছাত্র-ছাত্রী ছিল, তার চেয়ে দ্বিগুণ তিনগুণ এসএসসি পরীক্ষার পরীক্ষার্থী হিসাবে আবেদন করেছে।

৩ মে বোর্ড কর্তৃপক্ষ মঞ্জুরি কমিটির যে সভা ডেকেছে তার আলোচ্যসূচী প্রকাশ করা হয়নি। বলা হয়েছে—আলোচ্যসূচী সভাস্থলেই সরবরাহ করা হবে। সচরাচর কোন সভার ক্ষেত্রে এ ধরনের ঘটনা ঘটে না। একটি সূত্র জানায়, সভার উদ্দেশ্য যাতে ফাঁস না হয় সে জন্যই আলোচ্যসূচী প্রকাশ করা হয়নি।